



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলা পল্লী অফিসারের কার্যালয়

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১

মহেশপুর, ঝিনাইদহ।

[brdb.moheshpur.jhenaidah.gov.bd](http://brdb.moheshpur.jhenaidah.gov.bd)

নির্বাচন অগ্রাধিকার

অতীব জরুরী

### ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচী বিজ্ঞপ্তি

যেহেতু জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ মহোদয় কর্তৃক ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার নাটিমা ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচীর প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি মোঃ বাহাউল ইসলাম উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মহেশপুর, ঝিনাইদহ এবং রিটার্নিং অফিসার, এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার নাটিমা ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচী নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ


(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখঃ	:	১৭ অক্টোবর ২০২১ (রবিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখঃ	:	২০ অক্টোবর ২০২১ (বুধবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখঃ	:	২৬ অক্টোবর ২০২১ (মঙ্গলবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখঃ	:	১১ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)

আমি আরও জানাইতেছি যে, আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার হইতে ১৭ অক্টোবর ২০২১ তারিখ রবিবার পর্যন্ত ছুটির দিনসহ সকাল ০৯.০০ টা হইতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ) মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত

স্থানঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ।

তারিখঃ ২৯/০৯/২০২১ খ্রিঃ

  
৩০.০৯.২১

(মোঃ বাহাউল ইসলাম)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

রিটার্নিং অফিসার

ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১

নাটিমা ইউনিয়ন

মহেশপুর, ঝিনাইদহ।

ফোনঃ ০২৪৭৭৭৪৯৪৮১

ই-মেইল: [bahaul.bd@gmail.com](mailto:bahaul.bd@gmail.com)

তারিখঃ ২৯/০৯/২০২১খ্রিঃ

স্মারক নং- ৪৭.৬২.৪৪৭১.০০০.৫০.০০৪.২১-৪৭৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৪। পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ৫। জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।
- ৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঝিনাইদহ।
- ৮। অফিসার্স ইনচার্জ, মহেশপুর থানা, মহেশপুর, ঝিনাইদহ।
- ৯। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ।
- ১০। সচিব, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ১১। নোটিশ বোর্ড।

  
৩০.০৯.২১  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার